দৈনিক বাংলা

তারিখ ... 4।7।82

পৃষ্ঠা ... 7 ... কলাম ... 8 ...

169

104

# কম্যুনিটি স্কুল প্রকল্পের প্রথম পর্যায় সম্পন্ন

পঁচিশ কোটি ৫০ লাখ টাকার কম্যুনিটি স্কুল প্রকল্পের প্রথম পর্যায় সম্পন্ন হয়েছে। প্রধানত এশীয় উন্নয়ন ব্যাংক এই প্রকল্পে অর্থ যোগান দিয়েছে।

বাসস্‌র খবরে প্রকাশ, প্রকল্প সূত্র বলেন যে থানা সদর দফতরে ৫০টি স্কুল নির্মাণ সম্পন্ন হয়েছে এবং কোর্স শুরু করার জন্যে এখন প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ করা হচ্ছে।

কম্যুনিটি স্কুল প্রকল্প ১৯৮১ সাল থেকে এর কর্মসূচী বাস্তবায়নে নিয়োজিত রয়েছে। এই প্রকল্প গ্রামের নারী-পুরুষকে স্বল্প ব্যয়ে বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করবে।

প্রকল্পের অধীনে স্কুল প্রতিষ্ঠার জন্যে চার বছর ধরে সারা দেশ থেকে দশ থানা বাছাই করা হবে।

প্রতিটি বাছাই করা থানায় একটি বালক বিদ্যালয় ও একটি বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে।

ছেলেদের স্কুলে শেখানো হবে কৃষি, কারিগরি ও ভবন নির্মাণ এবং মেয়েদের স্কুলে শেখানো হবে খাবার তৈরী ও সংরক্ষণ এবং সেলাই।

এশীয় উন্নয়ন ব্যাংক বাংলাদেশ সরকারের সঙ্গে এক চুক্তি মোতাবেক এই প্রকল্পের জন্যে ২০ কোটি ২৫ লাখ টাকা দেবে। মোট প্রকল্প ব্যয়ের প্রায় ৮০ শতাংশ নির্বাহ হবে এডিবির অর্থ সাহায্য থেকে।